গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২৬-৬০

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

# উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান পর্যায়ের ভর্তি সহায়তার আবেদন এন্ট্রির বিজ্ঞপ্তি ২০২৬

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশিকা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের https://www.eservice.pmeat.gov.bd/admission লিংক -এ প্রবেশ করে নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

২। উচ্চ-মাধ্যমিক ও সমমান পর্যায়ের ২০২৫-২৬ শিক্ষাবর্ষে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ভর্তিকৃত শিক্ষার্থীদের আবেদন করার তারিখ ও সময় **১২ এপ্রিল ২০২৬ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ৩০ এপ্রিল ২০২৬ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।

৩। 'শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬' অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন করতে হবে:

- মেধাবী হিসেবে শিক্ষার্থীর পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ নম্বরপ্রাপ্ত অথবা জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ৩.৫০ প্রাপ্তির কপি আপলোড করতে হবে;
- এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদনের ক্ষেত্রে এর সমর্থনে প্রমাণকের কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে;
- পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকা বা তার কম হতে হবে;
- শিক্ষার্থী হতদরিদ্র পরিবারের সন্তান মর্মে ইউনিয়ন পরিষদের চেয়্যারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপি আপলোড করতে হবে; এবং
- ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন, শিক্ষার্থীর জন্মনিবন্ধন কপি, পিতা ও মাতার এনআইডি কপি, শিক্ষার্থীর ১ কপি ছবি এবং শিক্ষার্থী অথবা পিতা বা মাতা'র অনলাইন ব্যাংক একাউন্ট এর তথ্যের স্পষ্ট কপি আবশ্যিকভাবে আপলোড করতে হবে।

৪। কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই। ভর্তি সহায়তা সংক্রান্ত হেল্পলাইনঃ **০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬** (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত হেল্পলাইন নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

সত্যায়িত
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
জাউয়া বাজার ডিগ্রী কলেজ
ছাতক, সুনামগঞ্জ।
ইনডেক্স নং-৬১৩০৩৫
মোবাঃ ০১৯১১৪০৪৩১১

০৮/০৪/২০২৬
(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd